# বাংলাদেশের আমলাতন্ত্র সংস্কারবিরোধী: আইন উপদেষ্টা




আইন উপদেষ্টা আসিফ নজরুল। ছবি: সংগৃহীত

আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, দেশের আমলাতন্ত্র স্বভাবগতভাবেই সংস্কার এড়িয়ে চলে এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারে অনীহা দেখায়। তার ভাষায়, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস দ্রুত সিদ্ধান্ত ও সংশোধনের কাজ হোয়াটসঅ্যাপেই সেরে ফেলেন, কিন্তু অনেক কর্মকর্তা ফাইলনির্ভর পদ্ধতি ছাড়তে পারেননি।

সোমবার (২ ফেব্রুয়ারি) রাজধানীর বিশ্বসাহিত্য কেন্দ্রে এক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। আমলাদের দায়িত্ববোধের ঘাটতি ও কাজের ধীরগতির অভিজ্ঞতা তুলে ধরে তিনি বলেন, ফাইলে সই আটকে থাকায় বহু কাজ অযথা বিলম্বিত হয়।

তিনি মনে করেন, এমন স্থবির ব্যবস্থায় দেশ এগোনো কঠিন। কর্মকর্তাদের উদ্দেশে তিনি বলেন, কেবল নিয়ম মেনে চলাই যথেষ্ট নয়; স্বাধীন বিচারবোধ ও দ্রুত সিদ্ধান্ত নেওয়ার মানসিকতাও দরকার।

অনুষ্ঠানে পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান প্রশাসনে রাজনৈতিক ট্যাগিংয়ের সংস্কৃতির সমালোচনা করেন। তার মতে, দলীয় পরিচয়ের ভিত্তিতে পদোন্নতি বা বাধা দেওয়ার প্রবণতা মেধাবী কর্মকর্তাদের নিরুৎসাহিত করছে এবং সৃজনশীলতা কমাচ্ছে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আবদুল্লাহ আবু সায়ীদ, শফিকুল আলম, মোহাম্মদ আবদুল মোমেন ও ড. মাহবুবউল্লাহসহ অনেকে।

LENS ASIA